The Scottish Government

# এডাল্ট সাপোর্ট এ্যান্ড প্রোটেকশন

(প্রাপ্ত বয়স্কদের জন্য সহায়তা এবং প্রতিরক্ষা):

## সহায়তা নিশ্চিত করা এবং ক্ষতি প্রতিরোধ করা

এডাল্ট সাপোর্ট এ্যান্ড প্রোটেকশন (স্কটল্যান্ড) আইন 2007 কিছু প্রাপ্ত বয়স্কদের যাদের ক্ষতি অথবা অবহেলা পাওয়ার ঝুঁকি আছে তাদের সহায়তা ও প্রতিরক্ষা দেবার ব্যবস্থা করেন।

**প্রাপ্ত বয়স্করা যাদের কোনো " ক্ষতি বা বিপদের ঝুঁকি" আছে (এ্যাডাল্ট এ্যাক্ট রিস্ক) তাদের সম্পর্কে আইনে কি বলা হয়েছে?**

একজন প্রাপ্তবয়স্ক যার কোনো ক্ষতি বা বিপদের ঝুঁকি আছে তা সঠিক বর্ণনা দেওয়া হয়েছে এই ভাবে যে ১৬ অথবা তার বেশি বয়সের একজন লোক যিনি অন্য কেউ তার ক্ষতি করলে অথবা নিজের স্বার্থের জন্য তার কাছ থেকে অন্যায় সুযোগ নিলে বা অবহেলা করলে হয়তো নিজেকে রক্ষা করতে অক্ষম। এই অক্ষমতার কারণ:

- ডিসঅ্যাবল হওয়া (প্রতিবন্ধীত্ব);
- মানসিক ভারসাম্যের অভাব;
- অসুস্থতা; অথবা
- শারীরিক বা মানসিক রোগ বা বৈকুল্য;

**আমি কি করতে পারি?**

আপনি যদি এই ভেবে উদ্বিগ্ন হন যে আপনার বা আপনি চেনেন এমন কোনো লোকের ক্ষতি করা হচ্ছে, অবহেলার জন্য তিনি কষ্ট পাচ্ছেন অথবা তার কাছ থেকে অন্যায় সুযোগ নেওয়া হচ্ছে তাহলে এটা **কাউকে জানানো খুবই জরুরী**। প্রত্যেকরই নিরাপদে থাকার অধিকার আছে।

মনে রাখবেন যিনি এই কাজ করেছেন, তিনি হয়তো অন্য লোকের সঙ্গে এইরকম করছেন অথবা এমন হতে পারে যে যার ক্ষতি করা হচ্ছে বা যাকে অবহেলা করা হচ্ছে তিনি নিজে হয়তো এই ঘটনা রিপোর্ট করতে পারবেন না। এমন কি যদি এই ঘটনা অনেক বছর আগে হয়ে থাকে তাহলেও এটা রিপোর্ট করা জরুরি।

## ব্যক্তি বিশেষের অধিকার

এই আইন ব্যক্তি বিশেষের অধিকারের সম্মান করা এবং প্রয়োজন মত তাদের সহায়তা দেওয়া ও রক্ষা করার মধ্যে ভারসাম্য বজায় রাখতে চেষ্টা করেন।
ব্যক্তি বিশেষকে সাহায্য করা তাদের কর্তব্য যাতে তারা তাদের পছন্দমত জীবন যাপন করতে পারেন এবং এটা করার জন্য তাদের যে সহায়তা প্রয়োজন তা দেওয়া এবং তাদের বিপদের ঝুঁকি থেকে রক্ষা করার ব্যাপারে নিশ্চিত করা।

## কারা কাজ করবেন?

"প্রাপ্ত বয়স্কদের বিপদের ঝুঁকি" থেকে রক্ষা করার জন্য অন্য সকলের সঙ্গে কাউন্সিল, স্বাস্থ্য ও পুলিশ কর্মীদের একসঙ্গে মিলে কাজ করতে হবে।

যেখানে ক্ষতির কথা জানা গেছে বা সন্দেহ করা হচ্ছে সেক্ষেত্রে এ সম্পর্কে অনুসন্ধান ও তদন্ত করা কাউন্সিলের কর্তব্য। কাউন্সিল অফিসারদের এই ক্ষমতা আছে যে তারা লোকদের সঙ্গে দেখা করবেন, ইন্টারভিউ করবেন, ডাক্তারি পরীক্ষার ব্যবস্থা করবেন এবং রেকর্ড পরীক্ষা করে দেখবেন। তারা এটাও বিবেচনা করে দেখবেন যে এক্ষেত্রে কোনও এ্যাডভোকেসি (পক্ষ সমর্থনকারী) এবং অন্য কোন সেবা, যেমন ঔষধপত্র খেতে সাহায্য করা অথবা সহায়তা দেওয়া ইত্যাদির প্রয়োজন আছে কিনা।

এছাড়াও নতুন তিন রকমের 'প্রোটেকশন অর্ডার' আছে যা ব্যবহার করা যেতে পারে।

## আমি কার সঙ্গে যোগাযোগ করবো?

আপনার স্থানীয় সোশাল ওয়ার্ক বিভাগের সঙ্গে যোগাযোগ করবেন। আপনি স্বাস্থ্য বিভাগের কোনও পেশাদার কর্মী বা পুলিশের সঙ্গেও কথা বলতে পারেন। আপনার সমস্যাকে তারা গুরুত্ব দেবেন এবং আন্তরিকভাবে শুনবেন।

এই পুস্তিকা অন্যান্য ফর্মাট-এ এবং বিভিন্ন ভাষায় পাওয়া যায়। অনুগ্রহ করে এ্যাডাল্ট প্রোটেকশন লেজিসলেশন টী-এর সাথে 0131 244 3633 নম্বরে যোগাযোগ করবেন অথবা ASPUnit@scotland.gsi.gov.uk-এ ই-মেইল করবেন।

## ক্ষতি বলতে কি বোঝায়?

**সবরকম** ক্ষতিকারক ব্যবহারকেই ক্ষতি বলা হয়। কয়েকটি উদাহরণ:

**শারীরিক:** আঘাত করা , চড় মাড়া, ধাক্কা দিয়ে ঠেলে দেওয়া, ঝাকানি দেওয়া, ঘরে তালাবদ্ধ করে রাখা, চেয়ারের সঙ্গে বেঁধে রাখা, তাদের স্বাধীনতা ক্ষুণ্ণ করা।

**মানসিক** : ক্ষতির ভয় দেখান, একলা ফেলে রাখা, অপমান করা বা ছোট করা, ভয় দেখান, বেদনা বা যন্ত্রণার কারণ ঘটানো, গালিগালাজ করা, নির্মমভাবে পীড়ন করা বা তর্জনগর্জন করে শাসানো, নিন্দা করা, অনবরত সমালোচনা করা, নিজের অধীনে রাখা, অন্যদের সঙ্গে যোগাযোগ রাখতে বঞ্চিত করা।

**অবহেলা:** স্বাস্থ্যরক্ষা, চিকিৎসা ও অন্য শারীরিক যত্ন না দেওয়া, ডাক্তার অথবা অন্যান্য সেবাপ্রতিষ্ঠানের কাছে যেতে না দেওয়া অথবা কোনো লোককে ওষুধপত্র, খাবার, বাড়ি গরম রাখার ব্যবস্থা থেকে বঞ্চিত করা, ব্যক্তিগত গোপনতা অথবা সম্মান ও মর্যাদা রক্ষা করতে না দেওয়া, নিজেকে অবহেলা করা।

**আর্থিক:** চুরি করা, জাল বা প্রতারণা করা, সম্পত্তি অথবা অর্থ দেবার জন্য বা সই করার জন্য চাপ দেওয়া, সম্পত্তি অথবা ওয়েলফেয়ার বেনিফিট-এর অপব্যবহার করা অথবা তাদের নিজেদের টাকা পয়সা অথবা জিনিসপত্র নেবার পথ বন্ধ করা।

**যৌন:** কোনো লোক যে বোঝে না বা চায় না তার সঙ্গে কোনো রকম যৌন ক্রিয়াকলাপ করা, ফটো তোলা, যৌন হয়রানি করা বা বিরক্ত করা, অন্য লোকের যৌন ক্রিয়া তা তাদের নগ্ন অবস্থায় লুকিয়ে দেখা।

**তথ্য :** অধিকার বা দাবী সম্পর্কীয় তথ্য অথবা উপদেশ গোপন রাখা।

**বৈষম্যমূলক আচরণ:** বয়স, বর্ণ, প্রতিবন্ধীত্ব (অক্ষম বা বিকলাঙ্গ হওয়া) স্ত্রী অথবা পুরুষ, জাতি, ধর্ম, সামাজিক অবস্থা, পরিবেশ বা অভিজ্ঞতা যৌন সম্পর্কীয় ব্যাপারে ব্যক্তিগত বিশ্বাস ও পছন্দ ইত্যাদি কারণে।

### ক্ষতি কোথায় ঘটতে পারে ?

যে কোন জায়গায়। বাড়িতে নিজের পরিবারের মধ্যে, হাসপাতালে ওয়ার্ড-এ, কেয়ার হোম-এ, ডে সার্ভিস-এ সোশ্যাল ক্লাবে, ডে সেন্টার-এ কাজ বা চাকরির জায়গায় এবং সর্বসাধারণের জন্য উন্মুক্ত অন্যান্য জায়গায়।

### ক্ষতিটা সম্ভাব্য সঙ্কেতচিহ্ন:

- কারণ বোঝা যাচ্ছে না অথবা অস্বাভাবিক রকমের ক্ষত;
- ক্ষত বা অসুস্থতার জন্য চিকিৎসা পেতে দেরী হওয়া;
- বিভ্রান্তি হঠাৎ বেড়ে যাওয়া;
- স্বাস্থ্য বা চেহারা অবোধ্য কারণে খারাপ হয়ে যাওয়া;
- লোকেদের উদ্বিগ্ন বা ভিত হওয়া;
- ওষুধপত্রের অপব্যবহার, উদাহরণস্বরূপ ঠিকমত ওষুধ না দেওয়া;
- ব্যবহারের অবোধ্য পরিবর্তন আসা, উদাহরণস্বরূপ উদ্বিগ্ন হওয়া এবং সবকিছু থেকে নিজেকে সরিয়ে নেওয়া, অন্য লোককে ভয় পাওয়া;
- কাউকে ‘কেয়ার’-এ (সোশ্যাল ওয়ার্ক বিভাগের ব্যবস্থা) দেবার জন্য অথবা ‘কেয়ার’ থেকে বাইরে নিয়ে আসার জন্য পরিবারের অথবা পেশাদারদের দিক থেকে চাপ আসা;
- শত্রুতাপূর্ণ অথবা রূঢ় ব্যবহার;
- কারণ বোঝা যাচ্ছে না এমন ঋণ, বিভিন্ন কাজকর্মের জন্য বিলের টাকা না দেওয়া;
- তাদের প্রাথমিক প্রয়োজন না মেটান যেমন যথেষ্ট পরিমাণে খাবার বা বাড়ি গরম রাখা;
- তাদের অধিকার ও দাবী সম্পর্কে তথ্য ঠিকমত না জানান অথবা ভুল খবর দেওয়া;
- প্রাপ্ত বয়স্ক যারা কোনো ক্ষতি হওয়ার ঝুঁকিতে আছেন তাদের বয়স, স্ত্রী অথবা পুরুষ হওয়ার জন্য , প্রতিবন্ধীত্ব (অক্ষম বা বিকলাঙ্গ হওয়ার জন্য) জাতি, বর্ণ, যৌন সম্পর্কীয় অথবা ধর্মের বিষয়ে ব্যক্তিগত বিশ্বাস ও পছন্দ নিয়ে সংস্কারপূর্ণ কাজ বা মন্তব্য করা;
- প্রাপ্ত বয়স্কদের নিজস্ব জিনিসপত্র, ব্যাঙ্ক একাউন্ট অথবা বিষয় সম্পত্তি তাদের অনুমতি ছাড়া ব্যবহার করা; এবং
- প্রাপ্ত বয়স্করা যাদের ক্ষতির ঝুঁকি আছে তাদের পক্ষে উপযুক্ত কেয়ার না পাওয়া যা তাদের ক্ষতি থেকে রক্ষা করতে পারে।

### কে ক্ষতি করতে পারে ?

যে কোনো লোক উদাহরণস্বরূপ এটা হতে পারে:

- স্বাস্থ্য বা কেয়ার বিভাগের কোনো কর্মী;
- কেয়ারার ( সেবা যত্নকারী);
- আত্মীয়;
- স্ত্রী বা পার্টনার;
- বন্ধু অথবা প্রতিবেশী;
- ভলানটিয়ার স্বেচ্ছাসেবক); অথবা
- সম্পূণ অপরিচিত লোক;